

শর্তাবলীঃ

- ১) আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে ভাঙ্গা উপজেলাধীন তফসিল বর্ণিত সরকারি খাস পুকুর/বন্ধ জলাশয়গুলি ১৪২৮ বাংলা সনের ১লা বৈশাখ হতে ১৪৩০ বাংলা সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বৎসরের জন্য ইজারা প্রদান করা হবে। আবেদনকারী/দরদাতাকে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ এর নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন/সমিতি ০৩ (তিন) বছর মেয়াদী লিজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিল বলে গণ্য হবে।
- ২) আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী না তাহলে উক্ত সমিতির জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। এছাড়া আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা/উপজেলা সমবায়/উপজেলা সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্র এবং দুই বছরের অডিট রিপোর্ট আবেদনপত্রের সঙ্গে দাখিল করবেন।
- ৩) কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুইটির অধিক জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবে না।
- ৪) দরপত্রদাতাকে দরপত্রের সঙ্গে খাস পুকুরের জন্য প্রদত্ত দরের ২০% অর্থ যে কোন তফসিল ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গা, ফরিদপুর এর বরাবরে জমা প্রদান করতে হবে।
- ৫) আবেদনপত্র/দরপত্রের সিডিউল জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভাঙ্গা, সহকারী কমিশনার (ভূমি), ভাঙ্গা এর কার্যালয় হতে দরপত্রের তফসিল অনুযায়ী অফিস চলাকালীন সময় পর্যন্ত বিক্রি করা হবে। দরপত্রসমূহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে তফসিল অনুযায়ী গ্রহণ করা হবে। দরপত্র গ্রহণের দিন বেলা ৪.০০ টায় প্রাপ্ত দরপত্রসমূহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। উপজেলা নির্বাহী অফিসার প্রাপ্ত দরপত্রসমূহের তুলনামূলক বিবরণী প্রস্তুত করে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থান করবেন। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদিত হলে ইজারা বন্দোবস্ত দেওয়ার পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। ১ম বার দাখিলকৃত দরপত্রে উদ্বৃত্ত দর পূর্ববর্তী ৩ বছরের গড় ইজারা মূল্য (সরকারি মূল্য) অপেক্ষা কম হলে পুনঃরায় দরপত্র আহবান করা হবে। ২য় বার দরপত্র আহবান করা সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ৩ বছরের ইজারা মূল্যের গড় হতে কম হয় বা কাজিখত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত ইজারা কার্যক্রম ঘোষিত তফসিল মোতাবেক অব্যাহত থাকবে।
- ৬) দরপত্র অনুমোদিত হওয়ার ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে সমুদয় অর্থ কোড নং ১-৪৬৩১-০০০০-১২৬১ তে এবং অতিরিক্ত ৫% আয়কর কোড নং ১-১১৪১-০০১০-০১১ এবং ১৫% ভ্যাট কোড নং ১-১১৩৩-০০০৫-০৩১১ তে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। উল্লিখিত কর/ভ্যাট ব্যতিরেকে সরকার কর্তৃক অন্য কোন কর ধার্য করলে তা ইজারাদারের উপর তাৎক্ষণিকভাবে কার্যকর হবে। ইজারাদারের দাখিলকৃত ২০% জামানতের অর্থ ৩য় বছরের ইজারার অর্থের সাথে সমন্বয় হবে।
- ৭) এক খাস পুকুরের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য পুকুরের জন্য ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র ফরম বিক্রি করা হবে না।
- ৮) খামের উপর দরপত্র দাতার নাম ঠিকানা ও খাস পুকুরের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। প্রত্যেক খাস পুকুরের জন্য পৃথক সিলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে। কোন প্রকার ঘষা-মাঝা, কাটাকাটি থাকলে দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৯) ইজারাদার কোন ক্রমেই খাস পুকুর অন্যের নিকট সাব লিজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ১০) খাস পুকুরে মৎস্য চাষের জন্য যাবতীয় রক্ষণাবেক্ষণ ইজারাদার নিজ খরচে বহন করবেন।